



বিবাহ-তালাক নিবন্ধনে চালু হচ্ছে অনলাইন ব্যবস্থা: আইনমন্ত্রী



ছবি: সংগৃহীত

দেশের বিবাহ ও তালাক নিবন্ধন ব্যবস্থা ডিজিটাল করার উদ্যোগ নেওয়া হয়েছে। আইনমন্ত্রী মো. আসাদুজ্জামান বলেছেন, অনলাইন নিবন্ধন চালু হলে তথ্য গোপন করে একাধিক বিয়ে ও বাল্যবিবাহের ঘটনা ঠেকানো যাবে।

শনিবার (৩ অক্টোবর) সকালে রাজধানীর নিকেতনে ব্র্যাক লার্নিং সেন্টারে নিকাহ রেজিস্ট্রারদের প্রশিক্ষণ কর্মসূচিতে তিনি এসব কথা বলেন। ‘অনলাইনে বিবাহ ও তালাক নিবন্ধনে সফটওয়্যারের ব্যবহারবিধি’ নিয়ে ১০ দিনের এ আবাসিক প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে।

আইনমন্ত্রী জানান, অনলাইনে বিবাহ নিবন্ধনের তথ্য ধাপে ধাপে জাতীয় পরিচয়পত্র, জন্মনিবন্ধন ও পাসপোর্টের কেন্দ্রীয় সার্ভারের সঙ্গে যুক্ত করা হবে। পর্যায়ক্রমে দেশের সব কাজীকেও এই ব্যবস্থার আওতায় আনতে প্রশিক্ষণ দেওয়া হবে।

এ ছাড়া ঢাকার সাব-রেজিস্ট্রারদের দীর্ঘদিনের প্রভাব ভাঙতে শিগগির লটারির মাধ্যমে পদায়ন শুরু হবে বলে জানান মো. আসাদুজ্জামান।